গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
গোপালগঞ্জ সদর
www.dss.sadar.gopalganj.gov.bd

স্মারক নংঃ ৪১.০১.৩৫৩২.০০০.১৮.০০১.১৭-৮৬০

তারিখঃ ৩০ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
১৪ আগষ্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ব্যক্তিদের অনলাইনে ভাতার আবেদন শুরুর বিষয়ে অবহিত করণ প্রসঙ্গে ।

সূত্রঃ ৪১.০১.০০০০.০৪৯.০২.০০৯.২২-৫৭৭ তারিখঃ ১৬ জলাই ২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতার অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে অনলাইনে আবেদন করার জন্য আহ্বান করা হয়েছে। উক্ত আবেদন প্রক্রিয়া আগামী ১০ সেপ্টেম্বর ২০২৩ ইং তারিখ পর্যন্ত চলমান থাকবে। অনলাইনে আবেদন করার লিংকঃ https://mis.bhata.gov.bd/onlineApplication।

**আবেদন করতে যা যা লাগবেঃ**

বয়স্ক ভাতাঃ

১। জাতীয় পরিচয়পত্র (জাতীয় পরিচয়পত্রে জন্ম তারিখ পুরুষের ক্ষেত্রে জুন ৩০ জুন ১৯৫৮ বা তার পূর্বে এবং নারীদের ক্ষেত্রে ৩০ জনু ১৯৬১ বা এর পূর্বে হতে হবে।

প্রতিবন্ধী ভাতাঃ

১। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন ।
২। সুবর্ন নাগরিক পরিচয় পত্র (প্রতিবন্ধী কার্ড)।

বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাঃ

১। জাতীয় পরিচয়পত্র।
২। স্বামীর মৃত্যু সনদ/স্বামী নিগৃহীতা সনদ।

# আবেদন সংক্রান্ত যে কোন সমস্যার ক্ষেত্রে উপজেলা সমাজসেবা কার্যালয়, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১৪-৮-২৩
(সুলতানা জাহিদ পারভীন)
উপজেলা সমাজসেবা অফিসার
গোপালগঞ্জ সদর

চেয়ারম্যান,
....... ...... ...... ..ইউনিয়ন পরিষদ।

স্মারক নংঃ ৪১.০১.৩৫৩২.০০০.১৮.০০১.১৭-

তারিখঃ ৩০ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
১৪ আগষ্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, গোপালগঞ্জ।
২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, গোপালগঞ্জ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।
৪ । অফিস কপি।

১৪-৮-২৩
(সুলতানা জাহিদ পারভীন)
উপজেলা সমাজসেবা অফিসার
গোপালগঞ্জ সদর

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

শেখ হাসিনার দিনবদলে
সমাজসেবা এগিয়ে চলে।

স্মারক নম্বর- ৪১.০১.০০০০.০০০.২৭.০০৪.২২.৬৪০

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০
১০ আগষ্ট ২০২৩

**বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরে বর্ধিত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতায় বয়স্ক ভাতা কর্মসূচিতে ১ লক্ষ জন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি করে ৫৭.০১ লক্ষ থেকে ৫৮.০১ লক্ষ জনে ও জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০ টাকা থেকে ৬০০ টাকা; বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচিতে ১ লক্ষ জন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি করে ২৪.৭৫ লক্ষ জন থেকে ২৫.৭৫ লক্ষ জনে ও জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০ টাকা থেকে ৫৫০ টাকা এবং প্রতিবন্ধী ভাতা কর্মসূচিতে ৫.৩৫ লক্ষ জন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি করে ২৩.৬৫ লক্ষ জন থেকে ২৯.০০ লক্ষ জনে উন্নীত করা হয়েছে ও জনপ্রতি মাসিক ভাতার হার ৮৫০ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত ব্যক্তির নিকট হতে সমাজসেবা অধিদপ্তরের web based Management Information Systems (MIS) এর মাধ্যমে শুধুমাত্র অনলাইনে আবেদন গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

২। ১০ আগস্ট তারিখ হতে ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত mis.bhata.gov.bd/onlineApplication লিংকে ভাতার আবেদন গ্রহণ করা হবে। বয়স্ক ভাতার ক্ষেত্রে আবেদনকারীর বয়স পুরুষ ৬৫ বা তদুর্ধ বছর ও মহিলা ৬২ বা তদুর্ধ বছর এবং বার্ষিক গড় আয় অনধিক ১০,০০০/- টাকা এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচিতে বিধবা মহিলার জন্য স্বামীর মৃত্যু সনদ এবং বার্ষিক গড় আয় অনধিক ১০,০০০/- টাকা হতে হবে। প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে। আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা পেয়ে থাকলে তিনি এই সুবিধার জন্য বিবেচিত হবেন না। অন্য সুবিধা গ্রহণ করছে প্রমাণিত হলে আবেদন বাতিল করা হবে।

৩। অনলাইন আবেদনে নগদ/বিকাশ ইউনিটের আওতাধীন আবেদনকারীদের অবশ্যই সক্রিয় নগদ/বিকাশ হিসাব (মোবাইল) নম্বর প্রদান করতে হবে। এজেন্ট ব্যাংকিং এর আওতাধীন আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে এবং চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের হিসাব পূর্বের ন্যায় কেন্দ্রীয়ভাবে খোলা হবে।

৪। পূর্বের অনলাইনে আবেদন (অপেক্ষমান তালিকাসহ) উপকারভোগীদের পুনরায় অনলাইন আবেদন করার প্রয়োজন নেই। সমাজসেবা অধিদপ্তর হতে প্রদত্ত বরাদ্দ অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ বাস্তবায়ন নীতিমালার আলোকে সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদিত তালিকার উপকারভোগীদের প্রয়োজনীয় তথ্য MIS এ সন্নিবেশন এবং এন্ট্রিকৃত ডাটার ভেলিডেশন করতে হবে।

৫। অনলাইনে প্রাপ্ত আবেদন, পূর্বের অনলাইনে আবেদন (অপেক্ষমান তালিকাসহ) তালিকার ভিত্তিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৩ খ্রি: তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন। সকল ভাতার ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা অনুযায়ী (অপেক্ষমান তালিকা প্রস্তুতসহ) কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

৬। এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট ইউনিট অফিসসমূহকে উপযুক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যে কোন প্রয়োজনে সামাজিক নিরাপত্তা অধিশাখার টেকনিক্যাল টীম ও সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে।

১০/০৮/২০২৩

ড. মোঃ মোকতার হোসেন
পরিচালক (উপসচিব)
ফোনঃ ০২-৪৪৮২৬৮০১
ইমেইলঃ dir.ss@dss.gov.bd

বিভাগীয় পরিচালক (সকল)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
....................।

**বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২) চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম জেলা, খাগড়াছড়ি/রাঙামাটি/বান্দরবন।
৩) জেলা প্রশাসক (সকল), ................................।
৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ..........................।
৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৮) উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়।
৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ...............................।
১০) উপজেলা সমাজসেবা অফিসার (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়..........................।
১১) সমাজসেবা অফিসার (সকল), শহর সমাজসেবা কার্যালয়, ...............................।

CamScanner